

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন-৫ শাখা  
শেরে বাংলা নগর, ঢাকা  
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.৩১৫.০১৮.০২.৯৮.১১৯.২০১০-৪৭

তারিখঃ ১৬/০৮/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ কামাল হোসেন-কে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২৮ এপ্রিল, ২০১০ তারিখের ০৯.৩১২.০১১.১৭.০১.১৭৫. ২০০৯.৮৭০ নম্বর স্মারকমূলে অফিস সহায়ক পদে মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে নিয়োগ দেয়া হয়। তিনি ২৮ এপ্রিল, ২০১০ তারিখে উক্ত পদে যোগদান করেন।

২। যেহেতু মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের দাখিলকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত কাগজপত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রত্যয়নের বিধান রয়েছে সে মোতাবেক এ বিভাগের স্মারক নম্বর-০৯.৩১৫.০১৮.০২.৯৮.১১৯.২০১০-১৪৭ তারিখঃ ১৯/০৫/২০১৩ এর মাধ্যমে তাঁর দাখিলকৃত কাগজপত্র প্রত্যয়নের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে ০৭/১০/২০১৩ তারিখের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.১১.০১৭.১২-৭৮০ এর মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় মতামত প্রদান করে যে, “জনাব আব্দুল বারেক হাওলাদার, পিতা: মৃত নুর মোহাম্মদ হাওলাদার, উপজেলা-নেছারাবাদ (স্বরূপকাঠী), জেলা: পিরোজপুর-এর মুক্তিযোদ্ধার অনুকূলে প্রত্যয়নের জন্য প্রয়োজনীয় গ্রহণযোগ্য সনদ না থাকায় তাঁকে মুক্তিযোদ্ধা হিসেবে প্রত্যয়ন করা সম্ভব হলো না। তাঁর মুক্তিযোদ্ধা হিসেবে প্রত্যয়নের জন্য প্রয়োজনীয় গ্রহণযোগ্য সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করা হলে পরবর্তীতে তা যাচাই-বাছাই করে অবহিত করা হবে”। সে প্রেক্ষিতে এ বিভাগের ০৬/১১/২০১৩ তারিখের ০৯.৩১৫.০১৮.০৬. ০১.১৫০.২০১০-৩৫৮ নং স্মারকমূলে জনাব মোঃ কামাল হোসেন-কে এ বিষয়টি অবহিত করা হয়। তিনি মুক্তিযোদ্ধা সনদ সরবরাহের জন্য এক বছরের সময় চেয়ে আবেদন করেন। কিন্তু অদ্যাবধি গ্রহণযোগ্য সনদ দাখিল করতে ব্যর্থ হন।

৩। যেহেতু উপরোল্লিখিত বিষয়টি তদন্তকারী কর্মকর্তা ১১/০২/২০১৫ তারিখের ০৯.৩১১.০১৮.১০.০০.০১০.২০১৩-১৩৩ নং স্মারকমূলে জনাব মোঃ কামাল হোসেন-এর বিষয়ে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতটিকে প্রধান্য দিয়ে সার্বিক পর্যালোচনান্তে অভিমত ব্যক্ত করেন যে, “জনাব মোঃ কামাল হোসেন, অফিস সহায়ক মুক্তিযোদ্ধার সন্তানের কোটায় চাকরিতে যোগদান করেছেন। কিন্তু তাঁর পিতার মুক্তিযুদ্ধ বিষয়ক সনদপত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এখনও পর্যন্ত প্রত্যয়ন না করায় তাকে মুক্তিযোদ্ধা সন্তান হিসেবে প্রত্যয়ন করা গেল না”।

৪। যেহেতু তিনি ০১/১১/২০১৩ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

৫। সেহেতু, জনাব মোঃ কামাল হোসেন মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে গ্রহণযোগ্য সনদ দাখিল করতে ব্যর্থ হওয়ায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৭/১০/২০১৩ তারিখের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.১১.০১৭.১২-৭৮০ এর পরিপ্রেক্ষিতে তাঁকে চাকুরি হতে নির্দেশক্রমে অপসারণ (removal from service) করা হলো।

৬। এ আদেশ ০১/১১/২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(মার্জিয়া সুলতানা)  
সহকারী প্রধান  
ফোনঃ ৯১১২১১৮

অপর পৃষ্ঠায় দৃষ্টব্যঃ

স্মারক নং-০৯.৩১৫.০১৮.০২.৯৮.১১৯.২০১০-৪৭

তারিখঃ ১৬/০৮/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (তৌর মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.১১.০১৭.১২-৭৮০, তারিখঃ ০৭/১০/২০১৩ এর সাথে সংশ্লিষ্ট)
- ২। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৮। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। জনাব মোঃ কামাল হোসেন, পিতা- মোঃ আব্দুল বারেক হাওলাদার, গ্রাম+পোঃ-পশ্চিম সোহাগদল, উপজেলা-স্বরূপকাঠী, জেলা- পিরোজপুর।
- ১০। ব্যক্তিগত নথি।

Mulhara  
16.08.16

(মার্জিয়া সুলতানা)  
সহকারী প্রধান  
ফোনঃ ৯১১২১১৮